

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়েম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ ফায়েদা: অঙ্গ-প্রত্যঙ্গের হিফাযত (সংরক্ষণ)

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফায়েদা: অঙ্গ-প্রত্যঙ্গের হিফাযত (সংরক্ষণ)

বান্দার প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গের ওপর আল্লাহর আদেশ রয়েছে, এতে তার জন্য রয়েছে নিষেধাজ্ঞা, এতে তার জন্য রয়েছে নিগ্রামত, উপকারীতা ও স্বাদ। বান্দা যদি অঙ্গ-প্রত্যঙ্গের দ্বারা আল্লাহর সেসব আদেশ যথাযথ পালন করে এবং নিষেধ থেকে বিরত থাকে তাহলে সে তার নি'আমতের শুকরিয়া আদায় করল, তাকে প্রদত্ত নি'আমতের পূর্ণতা আদায় ও এর দ্বারা স্বাদ গ্রহণের চেষ্টা করল। আর যদি সে আল্লাহর আদেশ পালন ও নিষেধ থেকে বিরত না থাকে তাহলে সে আল্লাহর দেওয়া অঙ্গ-প্রত্যঙ্গের শুকরিয়া আদায় করল না, তখন আল্লাহ উক্ত অঙ্গ-প্রত্যঙ্গের দ্বারা উপকারীতা নষ্ট করে দেন এবং এগুলোকে তার দুঃখ-কষ্ট ও ক্ষতির অন্যতম বড় উপকরণ করে দেন। বান্দার ওপর প্রতিটি মুহূর্তে আল্লাহর 'উবুদিয়্যাত করা অত্যাবশ্যকীয়, সে উক্ত 'উবুদিয়্যাত পেশ করবে এবং তাঁর নৈকট্য লাভ করবে। সে যদি তার সময়কে 'উবুদিয়্যাত পালনের মাধ্যমে কাজে লাগায় তাহলে সে আল্লাহর সমীপে অগ্রসর হবে, আর যদি সে তার সময় প্রবৃত্তি, আরাম-আয়েশ ও অলসতায় কাটায় তাহলে রবের থেকে দূরবর্তী হবে। সুতরাং বান্দা হয়ত তার রবের নিকটবর্তী হবে অথবা তাঁর থেকে দূরে সরে যাবে, সে এ দু'পথের মাঝে স্থির থাকবে না। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿ لِمَن شَآءَ مِنكُم ؟ أَن يَتَقَدَّمَ أَو ؟ يَتَأَخَّر ٣٧﴾ [المدثر: ٣٧]

তোমাদের মধ্যে যে চায় অগ্রসর হতে অথবা পিছিয়ে থাকতে, তার জন্য। [সূরা আল-মুদ্দাসসির, আয়াত: ৩৭]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9773

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন